দৈনিক
জনকণ্ঠ

তারিখ ... 7 AUG 2017 ...
পৃষ্ঠা ...২... কলাম ... ৭ ...

# ব্র্যাক ভার্সিটির রেজিস্ট্রারকে অব্যাহতি দেয়ার দাবি শিক্ষার্থীদের

**স্টাফ রিপোর্টার ॥** অধিকাংশ দাবি মেনে নিলেও ব্র্যাক ইউনিভার্সিটির আন্দোলনকারী শিক্ষার্থীদের রবিবার থেকে ক্লাস ও পরীক্ষায় আনা সম্ভব হয়নি। কর্তৃপক্ষ বিভিন্ন দাবি মানার ঘোষণা দিলেও রেজিস্ট্রারকে চাকরিচ্যুত না করে ছুটিতে পাঠানো, তদন্ত রিপোর্ট না হওয়া ও পরীক্ষার নতুন সময়সূচীর ইস্যুতে রবিবারও অবস্থান কর্মসূচী পালন করেছে শিক্ষার্থীরা। রবিবার সকাল থেকে সাধারণ শিক্ষার্থীরা ক্লাস ও পরীক্ষা বর্জন করলে শেষ পর্যন্ত চূড়ান্ত পরীক্ষা পিছিয়ে দিতে বাধ্য হয় কর্তৃপক্ষ। নতুন সময়সূচী অনুসারে পরীক্ষা শুরু হবে আগামী বুধবার থেকে।

পরীক্ষার নতুন সময় দেয়ার পর আন্দোলনকারী শিক্ষার্থীরা বলেছেন, নতুন রুটিন দিয়েছে, আমরা খুশি। আজ থেকে আর কোন প্রকাশ্য মিছিল-মিটিং কর্মসূচী থাকবে না। তবে তদন্ত রিপোর্টের জন্য অপেক্ষা করব। রিপোর্ট হাতে পাওয়ার পর দেখা যাবে আন্দোলন কন্টিনিউ হবে, নাকি বাতিল হবে। রেজিস্ট্রারকে ছুটিতে পাঠানোর তথ্যকে কর্তৃপক্ষের নাটক অভিহিত করে অবিলম্বে তাকে অব্যাহতি দেয়ার দাবি জানিয়েছেন শিক্ষার্থীরা। রেজিস্ট্রারকে টিকিয়ে রাখতে গেলে ক্যাম্পাসে আবারও অস্থিরতা বাড়বে বলে হুঁশিয়ারিও দিয়েছেন শিক্ষার্থীরা। এর আগে শনিবার রাতে আন্দোলনের মুখে তিনটি দাবি মেনে কর্তৃপক্ষ ঘোষণা করে ইউনিভার্সিটির রেজিস্ট্রার মোঃ শাহুল আফজালকে দীর্ঘ মেয়াদে ছুটিতে পাঠানো হয়েছে। এছাড়া শিক্ষককে লাঞ্ছনার ঘটনায় অপর দুই অভিযুক্ত সহকারী রেজিস্ট্রার মোঃ মাহিউদ্দিন ও জ্যেষ্ঠ কর্মকর্তা জাভেদ রাসেল পদত্যাগ করেছেন। ঘটনার শিকার শিক্ষক ফারহান উদ্দিন আহমেদের অব্যাহতিপত্রও প্রত্যাহার করা হয়েছে। নিরাপত্তাকর্মীদের হাতে ছাত্রীর লাঞ্ছিত হওয়ার অভিযোগ আমলে নিয়ে তদন্ত শুরু করেছে তদন্ত কমিটি। এ ঘোষণার পরই শিক্ষার্থীরা রেজিস্ট্রারের বিষয়টি নিয়ে আপত্তি তুলে বলেছেন, শিক্ষকের ওপর হামলার মূল অভিযুক্ত ব্যক্তিকে রেখে বিশ্ববিদ্যালয়ে স্বাভাবিক শিক্ষাক্রম চালানো যাবে না। পরীক্ষার নতুন সময়সূচী দ্রুত দেয়ারও দাবি তোলেন তারা।

বিকেলে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ওয়েবসাইটে পূর্ব নির্ধারিত পরীক্ষার রুটিন বাতিল করে নতুন রুটিন প্রকাশ করে। নতুন রুটিন অনুযায়ী আগামী ৯ আগস্ট থেকে পরীক্ষা শুরু হবে। আগের রুটিনের ৬ তারিখের পরীক্ষা ৯ তারিখ, ৭ তারিখের পরীক্ষা ১০ তারিখ, ৮ তারিখের পরীক্ষা ১১ তারিখ, ৯ তারিখের পরীক্ষা ১২ তারিখ, ১০ তারিখের পরীক্ষা ১৩ তারিখ, ১১ তারিখের পরীক্ষা ১৬ তারিখ, ১২ তারিখের পরীক্ষা ১৭ তারিখ ও ১৩ তারিখের পরীক্ষা অনুষ্ঠিত হবে ১৯ তারিখ।

## স্টামফোর্ড ইউনিভার্সিটির নতুন উপাচার্য অধ্যাপক মুহাম্মাদ আলী নকী

স্টামফোর্ড ইউনিভার্সিটি বাংলাদেশের নতুন উপাচার্য হিসেবে নিয়োগ পেয়েছেন আর্কিটেক্ট অধ্যাপক মুহাম্মাদ আলী নকী। আগামী চার বছরের জন্য রাষ্ট্রপতি ও বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর মোঃ আবদুল হামিদ তাকে নিয়োগ দেন। এর মাধ্যমে সাবেক উপাচার্য অধ্যাপক ড. এম ফিরোজ আহমেদের স্থলাভিষিক্ত হলেন তিনি।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং............
তারিখ............

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এস.পি বিভাগ | |
| সিস্টেম এনালিস্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/অবগতার্থে

স্বাক্ষর